

# আমাদের রাজনীতিবিদ

শাহ্ আবদুল হালিম

(বাংলাদেশের প্রধান চার রাজনৈতিক দলের নেতৃবৃন্দের উদ্দেশ্যে)

---

তাদের একমাত্র স্বার্থ আত্মস্বার্থ  
আত্মত্যাগ নয়।  
তাদের একমাত্র কার্যক্রম ষড়যন্ত্র  
পরামর্শ নয়।  
তাদের একমাত্র বিশ্বাস অশ্বাস  
আস্থা নয়।  
তাদের একমাত্র কীর্তি দুর্নীতি  
সংশোধন নয়।  
তাদের একমাত্র অর্জন বৈষয়িক  
আধ্যাত্মিক নয়।  
তাদের একমাত্র বৈশিষ্ট্য জাঁকজমক  
মহিমাময় নয়।  
তাদের একমাত্র পদ্ধতি আদেশ  
ভালোবাসা নয়।  
তাদের একমাত্র জীবনাচার উদ্ধত  
শিষ্টাচার নয়।  
তাদের একমাত্র লক্ষ্য প্রাধান্য বিস্তার  
পরোপকার নয়।  
তাদের একমাত্র রীতি গোপনীয়তা  
স্বচ্ছতা নয়।  
তাদের একমাত্র আচার কানাঘুসা  
স্পষ্টভাষণ নয়।  
তাদের একমাত্র প্রেরণা ছিনিয়ে নেয়া  
হিস্যা দেয়া নয়।